

উপজেলা পরিষদ কার্যালয়
মাদারগঞ্জ, জামালপুর।

স্মারক নং-৪৬.০২.৩৯৫৮.০০০০.০১৪.০১.২২- ৬৬

তারিখঃ ২০/০৪/২০২২ ইং।

বিজ্ঞপ্তি

এতদ্বারা সকল সদস্যগণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, যোগাযোগ ব্যবস্থা ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির এক সভা আগামী ২৪/০৪/২০২২ ইং তারিখ বিকাল ১১.০০ ঘটিকায় মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষে অনুষ্ঠিত হইবে। সকল সদস্যগণকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ কর হইল।

৭

(মোঃ হুমায়ুন কবির)
ভাইস চেয়ারম্যান
মাদারগঞ্জ, জামালপুর।
তারিখঃ ২০/০৪/২০২২ ইং।

স্মারক নং-৪৬.০২.৩৯৫৮.০০০০.০১৪.০১.২২-

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ

- ১। জেলা প্রশাসক, জামালপুর।
- ২। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জামালপুর।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
- ৫। উপজেলা হিসাব রক্ষণ অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
- ৬। জনাব -----,-----সদস্য, আপনাকে
যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**২৪/০৪/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত যোগাযোগ ব্যবস্থা ও ভৌত অবকাঠামো উন্নয়ন
কমিটির সভার কার্য বিবরণী :**

সভাপতির নাম : জনাব মোঃ হুমায়ন কবির,
ভাইস চেয়ারম্যান
ও
আহবায়ক,
যোগাযোগ ব্যবস্থা ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি
মাদারগঞ্জ, জামালপুর।

সভার স্থান : ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।
সময় : ১১.০০ ঘটিকা।
সভায় উপস্থিত :

ক্রঃ নং	নাম ও পদবী	যোগাযোগ ব্যবস্থা ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির পদবী	স্বাক্ষর
১	চেয়ারম্যান, জোড়খালী ইউনিয়ন পরিষদ মাদারগঞ্জ, জামালপুর।	সদস্য	স্বাক্ষরিত
২	জনাব নাজমা পারভীন মুন্সী, সাবেক ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।	সদস্য	স্বাক্ষরিত
৩	জনাব মোঃ আতাউর রহমান আবু তালুকদার, বালিজুড়ী বাজার, মাদারগঞ্জ, জামালপুর।	সদস্য	স্বাক্ষরিত
৪	জনাব মোঃ সফিউল আলম, অধ্যক্ষ, মোজাম্মেল মমতাজ কারিগরী কলেজ চর পাকেরদহ, মাদারগঞ্জ, জামালপুর।	সদস্য	স্বাক্ষরিত
৫	উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।	সদস্য	স্বাক্ষরিত
৬	উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মাদারগঞ্জ, জামালপুর।	সদস্য সচিব	স্বাক্ষরিত

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব ও উপজেলা প্রকৌশলী সভায় উপস্থিত সকলকে এই মর্মে অবগত করেন যে, ২০২১-২২ অর্থ বছরে মাদারগঞ্জ উপজেলায় যোগাযোগ ব্যবস্থা ও ভৌত অবকাঠামো খাতে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক মাননীয় সংসদ সদস্য, জনাব মির্জা আজম এমপি মহোদয়ের সহযোগিতায় প্রায় ৩৭.০০কিঃমিঃ রাস্তা পাকা করা হয়েছে এবং ২০.০০কিঃমিঃ রাস্তা পাকা করনের কাজ চলমান আছে। যাহার অগ্রগতি প্রায় ৫০%। ইহা ছাড়াও ১২টি ব্রীজের মধ্যে ৩টি ব্রীজের কাজ শেষ হয়েছে এবং অবশিষ্ট ৯টি ব্রীজের কাজ চলমান আছে। জোড়খালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সাহেব সভায় জানান যে, তাহার এলকায় কিছু কিছু রাস্তার কাজ চলমান আছে এবং কাজ গুলো দ্রুত শেষ করার প্রস্তাব করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। প্রস্তাব অনুযায়ী পরবর্তীতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত হয়। উপজেলা সাবেক মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, মাদারগঞ্জ উপজেলাধীন যোগাযোগ ব্যবস্থা ও ভৌত অবকাঠামো খাতের আওতায় যে সকল উন্নয়ন কাজ চলিতেছে সে গুলোর কাজের গুনগতমান ভালো। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান যে, তাহার দপ্তরে বিভিন্ন উন্নয়ন মূলক কাজ স্বাভাবিক ভাবে চলিতেছে। অতঃপর সভাপতি মহোদয় উপস্থিত সকলকে আন্তরিক ভাবে কাজ করার জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্ত : মাদারগঞ্জ উপজেলাধীন চলমান উন্নয়ন মূলক কাজের গুনগত মান বজায় রেখে কাজ গুলো নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করার সিদ্ধান্ত সর্মসম্মতিক্রমে গৃহীত হয়।

আর কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৫৬.

(মোঃ হুমায়ন কবির)
ভাইস চেয়ারম্যান

ও

আহবায়ক,
যোগাযোগ ব্যবস্থা ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটি
মাদারগঞ্জ, জামালপুর।